I 6027 1000Rs.

INDIA NON JUDICIAL

१०००रु. भारत Rs 1000

एक हजार रुपये ONE THOUSAND RUPEES

Registrar U/S 7 (2) Alipore, 24 Parganas

9.11.79

বিক্রয় কোবালা দলিল

পণ মূল্য মং ২৫০০০ পচিশ হাজার টাকা।

কোবালা গ্রহিত্রী

শ্রীমতী ইলা দাস
স্বামী শ্রীযুত ধর্মদাস দাস
সাকিন গড়িয়া গার্ডেনস
থানা সোনারপুর, পোঃ গড়িয়া
জিলা ২৪ পরগণা, জাতি
হিন্দু, পেশা গৃহস্থালী।

কোবালা দাত্রী

১। শ্রীমতী চিত্রলেখা চক্রবর্ত্তী
স্বামী শ্রীযুত রথীন্দ্র নাথ চক্রবর্ত্তী
২। শ্রী রথীন্দ্র নাথ চক্রবর্ত্তী
পিতা শ্রী নৃপেন্দ্র নাথ চক্রবর্ত্তী
সাবেক সাকিন ১১৫।১২ বালিগঞ্জ
প্লেস, থানা বালিগঞ্জ, হাল
সাকিন ১৮।৩ গড়িয়া হাট রোড,
ফ্লাট নং ২।এ।১
থানা বালিগঞ্জ, সহর কলিকাতা ১৯
জিলা ২৪ পরগণা, জাতি হিন্দু,

Notice filed to the C.A. L.A. Collector Cal, S.D.O. Sadar ~~S.K. Pur~~ on 4/4/79. U.S. 26 or 27 of the U.L.C. Act of 1976

7071(6).
Iva Das
Garia Garden

1000/-
18.9.79.


7071 1000/-

9 P.M.
9/11/1979 at
his private Residence
18/3 Garia Hat Rd. Flat no 2/B/1
Chitralekha Chakrabarty
[illegible]

1) Chitralekha Chakraborty
W/O Rathindra Nath Chakraborty
2) Rathindra Nath Chakraborty
Son/wife of Nripendra Nath Chakraborty
18/3 Garia Hat Rd. Flat no 2/B/1
P.S. Ballygunge Cal-19
By. Caste . Hindu
By. profession 1) Housewife
2) Legal practitioner.

Registrar U/S 7 (2)
Alipore, 24 Parganas
9.11.79

Chitralekha Chakrabarty.



V.C.T.9
11/110

A mulya Chandra Kanjilal.
Advocate
Alipore

Son
wife
of
Thana
District
By. Caste
By. profession

Chitralekha Chakrabarty.
Rathindranath Chakrabarty

Thumb impression &
Alipore [illegible] with

Registrar U/S 7 (3)
Alipore, 24 Parganas
9.11.79

Registrar U/S 7 (3)
Alipore, 24 Parganas
9.11.79

Amulya chandra Kanjilal
Advocate. Alipore.

750 Rs.

INDIA NON JUDICIAL

७५० रु. Rs 750

भारत

सात सौ पचास रुपया SEVEN HUNDRED & FIFTY RUPEES

।২।

Chitralekha Chakraborty
Rathin Pranath Chakraborty

পেশা ১নং গৃহস্থালী, ২ নং এর
ওকালতী ।

কস্য সকর দখলী সুত্ব বিশিষ্ট রায়তী স্থিতীয় বাস্তু উপযোগী তাহা যদি স্বত্ব থাকে খাওনাতাদি হক হকুক সম্পত্তির যাবতীয় সুত্ব, অনসুত্ব, সত্ত্ব, খাস দখল, অধিকার, দাবী, দাওয়া ও সর্ব্ববিধ ইজমেন্ট সুত্বাদি সম্পূর্ণ নির্দ্দায় নির্দ্দোষ অবস্থায় বিক্রয়ের সাফ কোবালা দলিল সম্পাদিত কার্য্যান্ত হয়। জিলা ২৪ পরগণা সদর আলিপুর কালেক্টরীর ১০৯ নং তৌজি মৌতালক পরগণে মেদনমল্ল মধ্যে থানা ও সাব রেজিষ্ট্রী সোনারপুর অধিন রেঃ সাঃ নং ৭, জেঃএলঃ নং ৪৭, মৌজা বাবুঁহাস ফতুহাবাদ গ্রামে ৭৩১ নং খতিয়ান লিখিত বার্ষিক ৷৴৪ পাই খাজনায় রায়ত স্থিতিবান সুত্ব ৩৭৪ দাগের .১৯ শতক মধ্যে .০৬ শতক এবং ১৬০ নং খতিয়ানে বার্ষিক ১৷৷৵৮ পাই খাজনায় দখলি

7071(6).
Iva Das
Garia. garden.
750/-
18.9.79.

Registrar U/S 7 (2)
Alipore, 24 Parganas
9.11.79

200Rs.

INDIA NON JUDICIAL

२००रु. Rs 200

भारत

दो सौ रुपया TWO HUNDRED RUPEES



Chitralekha Chakraborty

Rathindranath Chakraborty

স্বত্ব বিশিষ্ট কোর্ফা স্বত্বে ঐ ৩৭৪ দাগের .১৯ শতক মধ্যে বাকী .১৩ শতক ১। ভবসিন্ধু সরদার, ২। অভয় চন্দ্র সরদার এবং ৩। নগেন্দ্রনাথ সরদার তুল্যাংশে মালিক দখিলকার থাকে। অতঃপর উক্ত ভবসিন্ধু সর্দার উক্ত সম্পত্তির তাহার অবিভক্ত $\frac{১}{৩}$ অংশ নগদ অর্থের প্রয়োজনে গত ৮।৫।৪৬ তারিখে সম্পাদিত ও আলিপুর ডিস্ট্রিক্ট রেজিষ্ট্রী আফিসের ১ নং বহির ৩২ নং ভল্যুমের ২২৯ হইতে ২৩১ পৃষ্ঠায় রেজিষ্ট্রী কৃত ১৯৪৬ সালের ৪৫৩৩ নং কোবালা মূলে আমার পূর্বাধিকারী পাঁচু গোপাল সরদার খরিদ করিয়া ভোগদখল করিতে থাকে। তৎপর অপর $\frac{১}{৩}$ অংশের মালিক নগেন্দ্র নাথ সরদারের একমাত্র পুত্র বলাই চন্দ্র সর্দার তাহার নগদ অর্থের প্রয়োজনে ঐ সম্পত্তির তাহার সম্পূর্ণ স্বত্বাংশ গত ইংরেজী ৮।১১।৪৮ বাংলা ১৩৫৫ সনের ২২ শে কার্ত্তিক তারিখে সম্পাদিত ও বারুইপুর সাব রেজিষ্ট্রী আফিসের ১ নং বহির

7071(6) -
Sva Das.
Yamina. garden
2001-
18.9.73.

Registered U/S 7 (2)
Alipore, 24 Parganas
9.11.75

2 Rs

INDIA

दो रुपये

TWO RUPEES भारत TWO RUPEES

सत्यमेव जयते



৫৯ নং ভল্যুমের ২৯৩ হইতে ২৯৬ পৃষ্ঠায় রেজিষ্ট্রী কৃত ১৯৫৮ সনের ৫২২৬ নং খোষ কোবালা দলিল মূলে আমার পূর্ব্বাধিকারী পাঁচু গোপাল সর্দ্দার খরিদ করিয়া মালিক দখিলকার নিযুক্ত থাকে এবং একক $\frac{2}{3}$ অংশ দখল করিতে থাকে। অপর সরিফ ও অছর চরণ সর্দ্দারের $\frac{1}{3}$ অংশ তাহার মৃত্যুতে তাহার পাঁচ পুত্র অর্থাৎ পাঁচু গোপাল সর্দ্দার দিং পাঁচ ভাই প্রাপ্ত হয় এবং দখল ব্যাবহারের সুবিধার জন্য তাহাদের ওয়ারিশ সূত্রে প্রাপ্ত অপরাপর অন্য সম্পত্তি সহ উক্ত সম্পত্তি আপোষে বিভাগ বন্টন করিয়া লইয়া এবং বন্টন নামা দলিল সহি সম্পাদন করে উক্ত বণ্টন নামা দলিল গত ইংরেজী ৩০।৩।৪৯ বাংলা ১৩৫৫ সনের ১৬ ই চৈত্র তারিখে সম্পাদিত ও আলিপুর সদর জয়েন্ট সাব রেজিষ্ট্রী আফিসের ১নং বহির ৩৪ নং ভল্যুমে ১১০ হইতে ১২১ পৃষ্ঠায় ১৯৪৯ সনের ১৬৪০ নং দলিল রূপে রেজিষ্ট্রী কৃত আছে উক্ত বন্টন নামা দলিল সম্পাদন কালে পাচু গোপাল সর্দ্দারের খরিদা উক্ত সম্পত্তির $\frac{2}{3}$ অংশ যৌথ পরিবার ভুক্ত থাকা কালিন খরিদ বিধায় এজমালি গণ্যে বন্টন

Chitralekha chakraborty

Rathindranath Chakraborty

7071(6)

Iva Das

Jamia. Garden

2(-

18.9.79.

Registrar U/S 7(2)
Alipore, 24 Parganas

9.11.75

INDIA

दो रुपये

सत्यमेव जयते

TWO RUPEES भारत TWO RUPEES

2 RS



Chitralekha Chakraborty

Rathindranath Chakraborty

হয় এবং তাহার খরিদা সূত্রাংশ তাহার নামে গ্রান্ট করিয়া তাহার
।ক। তপশীল লিখিত ছাহামের ৬ এবং ৭ দফায় উক্ত $\frac{২}{৩}$ অংশ .১৩ শতক
জমি নিরূঢ় স্বত্বে তাহার নামে নির্দিষ্ট হয় এবং তাহাদের পৈত্রিক
$\frac{১}{৩}$ অংশীয় .০৬ শতক জমি তাহার অন্যতম ভ্রাতা মানিক চন্দ্র সর্দারের
।গ। তপশীল বর্ণিত ২ এবং ৩ দফায় লিখিত সম্পত্তি রূপে নিরূঢ় স্বত্বে
তাহার ছাহাম ভুক্ত হয় এবং সে একক প্রাপ্ত হইয়া ভোগ দখল করিতে
থাকে। পরে তাহার সাংসারিক প্রয়োজনে নগদ অর্থের জন্য বিক্রয়ের
ঘোষণা করিলে পাচু গোপাল সরদার খরিতে পারিয়া গত ১৩৬১ সনের
২৪ শে অগ্রহায়ণ ইংরেজী ১০।১২।৫৪ তারিখে সম্পাদিত ও বারুইপুর
সবরেজিস্ট্রী অফিসের ১নং বহির ৮১ নং ভল্যুমের ২৭৬ হইতে ২৭৯
পৃষ্ঠায় রেজিস্ট্রী কৃত ১৯৫৪ সনের ৭৫২৫ নং খোষ খরিদা কোবালা বলে
পাচু গোপাল সরদার খরিদ করে এবং উক্ত সম্পত্তির মালিক দখিলকার
নিযুক্ত থাকে এবং বর্তমান রিভিসনাল জরিপে উক্ত সম্পত্তি ঐ
১৬০ নং এবং ৭৩১ নং খতিয়ান বহালে তদধিন উক্ত ৩৭৪ দাগে নম্বর
বহাল ১, ষোল আনা সম্পত্তি পাচু গোপাল সরদার এক নামে রেকর্ড

707(12)
Iva Das
Jari a garden
21-
18.9.79

UIS 7 (2)
Alipore, 24 Parganas
9.11.75

INDIA

दो रुपये

सत्यमेव जयते

TWO RUPEES भारत TWO RUPEES

2 R$



হইয়াছে । উক্ত পাচু গোপাল মজুমদার বৈষয়িক কারণে নগদ অর্থের
প্রয়োজনে উক্ত সম্পত্তি হইতে পূর্ব্বে কমবেশ ৵৩ তিন কাঠা জমি সবিতা
সেনাপতি নিকট বিক্রয় করে । পরে তাহার কন্যার বিবাহ দিবার
জন্য নগদ অর্থের বিশেষ প্রয়োজনে উক্ত সম্পত্তির বাকী সম্পূর্ণ কমবেশ
১৪ শতক জমি বিক্রয়ের ঘোষণা করিলে আমি ১ নং কোবালা
দাত্রী জানিতে পারিয়া বাস্তু নির্ম্মাণে সপরিবারে বসবাসের উদ্দেশ্যে
খরিদেচ্ছা প্রকাশ করিলে আমার প্রস্তাবিত মূল্য সর্ব্বোচ্চ হওয়ায় গত
১৩৮১ সনের ৩ রা জ্যৈষ্ঠ মোতাবেক ইংরেজী ১৯৭৪ সনের ১৭ ই মে
উক্ত পাচু গোপাল মজুমদার কর্তৃক সম্পাদিত ও আলিপুর ডিস্ট্রীক্ট
রেজিষ্ট্রারের অফিসের ১ নং বহির ৭২ নং বালামের ১৪৫ হইতে
১৫২ পৃষ্ঠায় ১৯৭৪ সনের ৩১৬৯ নং খোষ কোবালা দলিল আমার
বরাবরে রেজিষ্ট্রী করিয়া দিয়া নক্সাখিনে রক্ত চিহ্নিত মতে আমাকে
খাস দখল বুঝাইয়া দেন এবং আমি আমার খরিদা জমি সীমানার
প্রাচীর দ্বারা বেষ্টন করিয়া খাসে দখল করিয়া আসিতেছি এবং
আমি সেরেস্তায় সোনারপুর ভূমি ও ল্যাণ্ড রিফর্মস অফিসে

707(K)
Iva Das
Garia. garden.
2/-
18.9.79.

9.11.79

১৯৭৪ - ৭৫ সনের ৬০ /এস / নং মোকর্দ্দমায় আমার নাম পত্তন করিয়া নিজ নামে খাজনা আদায় দিয়া আসিতেছি এবং ১৩৮৫ সন পর্য্যন্ত উক্ত খতিয়ানের সাকিয়ানা খাজানা পরিশোধ করিয়াছি। বর্ত্তমানে উক্ত খরিদা সম্পত্তির স্থানীয় পরিবেশ আমার পছন্দ না হওয়ায় আমি সহর কলিকাতা মধ্যে সপরিবারে বসবাসের উদ্দেশ্যে একটি ফ্ল্যাট খরিদ করিয়াছি। দূরবর্ত্তী উক্ত সম্পত্তি শাসন সংরক্ষণ করায় অসুবিধা বোধ করিতেছি এবং আমারও নগদ অর্থের আবশ্যক বিধায় আমার খরিদা উক্ত সম্পত্তির সম্পূর্ণ স্বত্ব স্বার্থ বিক্রয়ের ঘোষণা করিয়াছি মহাশয় জানিতে পারিয়া বেশমোক্তা ২৫০০০/- পঁচিশ হাজার টাকা পণ মূল্য প্রদানের প্রস্তাব করিয়া খরিদেচ্ছা প্রকাশ করায় আপনার প্রস্তাবিত মূল্য অপরাপর গ্রাহক প্রস্তাবিত মূল্য অপেক্ষা সর্ব্বোচ্চ হওয়ায় এবং স্থানীয় বাজার দর অনুসারে সমীচীন জানিয়া আপনার প্রস্তাবিত মূল্যে আপনার নিকট বিক্রয় করিতে সম্মত হইয়া বর্ত্তমান আরবান ল্যাণ্ড সিলিং এণ্ড রেগুলেশন আইনের বিধান মতে নোটিশ দিয়া এনফোর্সমেন্ট বা অনুমতি প্রাপ্ত হইয়া আপনাকে জানাইয়াছি, অদ্য আপনি নির্দ্ধারিত পণ মূল্যের সাকুল্য ২৫০০০/- পচিশ হাজার টাকা নিম্ন মারফত বুঝাইয়া দিয়া বিক্রয় কোবালা দলিল সহি সম্পাদন ও রেজিস্ট্রী করিয়া দিতে অনুরোধ করায় আমি নির্দ্ধারিত পণ মূল্যের সম্পূর্ণ মং ২৫০০০/- পচিশ হাজার টাকা নিম্ন মারফত বুঝিয়া পাইয়া তাহার প্রাপ্তি স্বীকারে উপরি উক্ত ও নিম্ন তপশীলে বিশেষ রূপে আমার খরিদা সম্পূর্ণ সম্পত্তি মায় সীমানার প্রাচীর বিক্রয়ের এই হাপ বিক্রয় কোবালা দলিল লিখিয়া দিয়া এতদ্বারা অধিকার প্রকাশ, প্রচার ও ঘোষণা করিতেছি যে ঃ- উপরিউক্ত ও নিম্ন তপশীলে বিশেষ রূপে

Anilendra chakraborty.
Rathindranath Chakraborty

Registrar ... Alipore, 24 Parganas
9.11.75

chitralekha chakrabarty.
Rathindranath Chakraborty

বর্ণিত চৌহদ্দিবিচিহ্ন ও সীমানা প্রাচীর দ্বারা বেষ্টিত এবং সঙ্গীয় নক্সার লাল বর্ণের রেখা দ্বারা সীমায়িত প্রদর্শিত সম্পত্তিতে আমার যে কিছু স্বত্ব, স্বার্থ, সত্ত্ব, দখল, অধিকার, দাবী দাওয়া ও ইজমেন্ট স্বত্বাদি আছে বা ছিল তৎসমুদয় অদ্য হইতে চিরতরে রদ রহিত লুপ্ত ও ধ্বংস হইয়া সম্পূর্ণ রূপে আপনাতে পর্য্যবসিত হইল। এবং আপনি আমাদের নিকট স্বত্ত্ব স্বত্ববতী মালিক, আমার স্থলে দখলে দখিলকারিণী নিযুক্ত হইলেন এবং সর্ব্ব প্রকার হস্তান্তর, অবস্থান্তর ও রূপান্তর করার ক্ষমতা যুক্তে পুত্র পৌত্রাদি ওয়ারিশান বা স্থলাভিষিক্তগণক্রমে যদৃচ্ছা কাটিয়া ভরিয়া বাস্ত বাগান নির্ম্মাণে কূপাদি খননে এবং। বা পাকা গৃহাদি নির্ম্মানে ভোগদখল ব্যবহার বা অর্পণাদি করিতে থাকুন, তাহাতে কস্মিনকালে আমরা কিম্বা আমাদের পক্ষে আমাদের ওয়ারিশান বা স্থলবর্ত্তীগণ কেহ কোনও প্রকার দাবী দাওয়া বা ওজর আপত্তি করিতে পারিব না বা পারিবেক না যদি করি বা কেহ করে তবে সেই সকল অগ্রিক আপত্তি সর্ব্ব আদালতে বা সালিশীতে বা যে কোন অফিসে সর্ব্বত্র, সর্ব্বথা বাতিল, রদ, অকর্ম্মণ্য, অগ্রাহ্য ও নামঞ্জুর গণ্য হইবেক।

প্রকাশ থাকে যে বিক্রীত নিম্ন বর্ণিত সম্পত্তি বা তাহার কোন অংশ আমরা ইতিপূর্ব্বে কাহারও নিকট দান, বিক্রয়, কিম্বা স্থায়ী বা অস্থায়ী লিজ দ্বারা হস্তান্তর করি নাই, কিম্বা কাহারও নিকট মরগেজ কিম্বা কাহারও জামিনাদিতে দায়াবদ্ধ করি নাই ও আমার নামে কোন সার্টিফিকেট জারি নাই কিম্বা কোন আদালতে উক্ত সম্পত্তি সম্পর্কে কোন প্রকারের মোকর্দ্দমা বা জারির কার্য্য বিচারাধীন আমার নাই কিম্বা

9.11.79

কোন আদালত হইতে কোন ক্রোক, ডিক্রি বা নিষেধাজ্ঞা প্রচারিত নাই। উক্ত সম্পত্তি বা তাহার কোন অংশ কোন উইল, ট্রাস্ট, দেবো নাথা বা ওয়াকফ্ ভুক্ত নহে কিম্বা দেবত্র, ব্রহ্মত্র বা পীরত্র ভুক্ত নহে। উক্ত বিক্রীত সম্পত্তির উপর কোন দেব সেবার বা কাহারও খোরপোষের কোন চার্জ নাই কিম্বা অপর কাহারও কোন প্রকার ইজমেন্ট স্বত্ব কিম্বা কোন ইজমেন্ট স্বত্বের দাবী নাই। উক্ত সম্পত্তি বা তাহার কোন অংশ সরকার কর্তৃক একোয়ার্ড হয় নাই বা একোয়ার হওয়ার কোন প্রস্তাব আমাদের জানা নাই। আমরা কাহারও বিনামদার নহি। উক্ত সম্পত্তির উপর দিয়া কোন রাস্তা, খাল বা ড্রেইনের এলাইনমেন্ট নাই। আমাদের নামে ভারতীয় আয়কর, কিম্বা বঙ্গীয় কৃষি আয়কর কিম্বা বিক্রয় কর ধার্য্য নাই কিম্বা ঐ প্রকার কোন কর ধার্য্য যোগ্য আমাদের আয় নাই। আমাদের সীমাতিরিক্ত জমি নাই। আমরা বড় রায়ত নহি আমাদের কোন জমি সরকারে বর্তায় নাই। বিক্রীত সম্পত্তির কোন অংশে কোন মন্দির, মসজিদ, শ্মশান, কবর স্থান, দরগা, ঈদগা প্রভৃতি কিছুই নাই বা সাধারণের ব্যবহার্য্য কোন প্রতিষ্ঠান নাই। বিক্রীত সম্পত্তি ষোল আনা সম্পূর্ণ নির্দায় নির্দোষ অবস্থায় হস্তান্তর যোগ্য উত্তম নিরূঢ় স্বত্বে আমাদের খাস দখলে বর্তমান ও বিদ্যমান আছে এবং তদবস্থায় উপযুক্ত পণ মূল্য গ্রহণে আপনার নিকট বিক্রয় করিয়া আপনাকে খাস দখল বুঝাইয়া দিলাম। আপনিও আমাদের উপরোক্ত আশ্বাস বাক্য সমূহে আস্থা স্থাপন করিয়া সরল বিশ্বাসে কোন প্রকার অনুসন্ধানাদি না করিয়া খরিদ করিলেন যদি ভবিষ্যতে আমাদের উক্ত বাক্য সমূহ বা তাহার কোনও একটিও অসত্য প্রকাশে কিম্বা কোন বিষয় আমাদের গোপন করা হেতু বা

9.11.75

Chitralekha Chakrabarty
Rathindranath Chakrabarty

আমাদের কৃত কার্য্য জন্য আপনার খরিদা সত্ত্ব স্বার্থ বিঘ্নিত হয় এবং আপনি ঐ সম্পত্তি হইতে বা তাহার কোন অংশ হইতে বেদখল হন তবে আপনার দেওয়া পণ মূল্যের সম্পূর্ণ টাকা বা হারাহারি মূল্যের টাকা সুদ যাবতীয় ক্ষতি পূরণ সহ আপনার নির্দ্দেশ মত আদায় দিতে আমরা আর আমাদের ওয়ারিশান ও স্থলবর্ত্তীগণক্রমে বাধ্য ও বদ্ধ থাকিলাম।

প্রকাশ থাকে যে বিক্রীত সম্পত্তিতে আমাদের স্বত্ত্ব দখলের পোষকতায় আমাদের পূর্ব্বাধিকারীর খরিদা উপরি উক্ত ৩ তিন খানা কোবালা দলিল ।১। ভবসিন্ধু সর্দ্দার ।২। বলাই চন্দ্র সর্দ্দার এবং ।৩। মানিক চন্দ্র সর্দ্দার সম্পাদিত আসল কোবালা দলিল এবং জিলা জরিপী এবং হাল রিভিসনাল জরিপী বারুইহাল করুণাবাদ মৌজার ১৬০ নং এবং ৭৩১ নং পর্চা ৪ খানা এবং মালিকী কর আদায়ী দাখিলা মোট ৫ খানা আপনাকে বুঝাইয়া দিলাম তদ্ব্যতীত আমাদের বাপ্দাগণের বণ্টননামা দলিল অপরাপর বহু সম্পত্তি সংক্রান্ত বিধায় দিতে পারেন নাই তবে আপনার প্রয়োজনে আপনার অনুরোধ মতে এবং আপনার খরচায় যে কোন আফিস আদালতে দর্শাইতে বা দাখিল করিতে আমাদের বাধ্য স্থলবর্ত্তীগণক্রমে বাধ্য ও বদ্ধ আছে। এবং আমাদের খরিদা দলিল এবং নাম জারির অর্ডারের নকল ও হাল দাখিলা বুঝাইয়া দিলাম।

বিক্রিত সম্পত্তি আমার খরিদা হইলেও আমার স্বামী মহাশয়ের জ্ঞাতসারে এবং সম্মতিতে বিক্রয় করিতেছি তাহার প্রমান জন্য তাহাকে দাতা শ্রেণী ভুক্ত পক্ষ করাইয়া দিবার জন্য আপনি অনুরোধ করায় আমি তাহার দ্বারাও এই কোবালা দলিল সহি সম্পাদন ও রেজিষ্ট্রী

Registrar UIS 1 (2)
Alipore, 24 Parganas
9.11.75

করাইয়া দিলাম।

আরও প্রকাশ যে অত্র দলিলের মুসাবিদায় বা সম্পত্তির তপশীল বর্ণনায় বা চৌহদ্দিতে কোন ভুল ভ্রান্তি থাকা প্রকাশ পাইলে কিম্বা কোন লিপি প্রমাদে অর্থ বৈগুণ্য হইলে কিম্বা নক্সীয় নকসায় অঙ্কনে বা পরিমাণে কোন ভুল থাকা প্রকাশ পাইলে উক্ত ভুল সংশোধন জন্য কিম্বা আপনার খরিদা স্বত্ব স্বার্থ দৃঢ়ী করার প্রয়োজনে কোন দলিল সহি সম্পাদন করা প্রয়োজন বোধ করিলে আপনার বা আপনার স্থলবর্ত্তীগণের অনুরোধে আপনার খরচায় আমরা আমাদের ওয়ারিশান বা স্থলবর্ত্তীগণও যে কোন পণ প্রবৃত্তির দাবী না করিয়া বিনা ওজরে প্রয়োজনীয় দলিল সহি সম্পাদন ও রেজিস্ট্রী করিয়া দিব।

এতদর্থে আমরা আমাদের সজ্ঞানে সুস্থ মনে সুস্থ শরীরে বহাল তবিয়তে অন্যের বিনা অনুরোধে স্বেচ্ছায় নিজ নিজ স্বার্থে ও হিতার্থে নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তি বিক্রয়ের পণ মূল্য নিম্ন মাফিক প্রাপ্তি স্বীকারে এই বিক্রয় কোবালা দলিল লিখাইয়া প্রত্যেকে পাঠ করিয়া মর্ম্ম অবগত হইয়া সহি সম্পাদন করিলাম। ইতি সন ১৩৮৬ সাল ১৮ ই কার্ত্তিক মোতাবেক ইংরাজী ১৯৭৯ সাল ৫ই নভেম্বর।

বিক্রীত সম্পত্তির তপশীল পরিচয় ও চৌহদ্দি

১। জিলা ২৪ পরগণা, সদর আলিপুর কালেক্টারির ১০১ নং তৌজি মোতালক পরগণে মেদনমল্ল মধ্যে থানা ও সাব রেজিষ্ট্রী সোনারপুর

Registrar U/S 7 (2)
Alipore, 24 Parganas
9. 11. 79

অধিন বারুঁহাস কবুতাবাদ অঞ্চল মধ্যে রেঃ সাঃ নং ৭ জে এল নং ৪৭ মৌজা বারুঁহাস কবুতাবাদ গ্রামে সাবেক জিলা জরিপী এবং হাল রিভিসনাল জরিপী ১৬০ এক শত ষাইট নং খতিয়ান লিখিত বার্ষিক ১।।৶ পাই জমায় দখলি স্বত্ব বিশিষ্ট কোর্ফা বর্তমান স্টেট একুইজিসন আইন মতে রায়তী স্বত্বের ৩৭৪ তিন শত চুয়াত্তর দাগের .১৯ শতক মধ্যে .১৩ শতক অত্র খতিয়ান ভুক্ত তন্মধ্যে .১০ শতক বিক্রীত সম্পত্তির ধার্য্য সদর জমা ১.২৮ পয়সা মালিক পশ্চিম বঙ্গ স্টেট পক্ষে জিলা কালেক্টর ২৪ পরগণা ।

২। জিলা, মৌজা, পরগণা, থানা, সাব রেজিস্ট্রী আফিস, অঞ্চল ঐ মধ্যে ঐ রেঃ সাঃ নং ৭ ও জে এল নং ৪৭ মৌজা বারুঁহাস কবুতাবাদ গ্রামে সাবেক জিলা জরিপী এবং বর্তমান রিভিসনাল জরিপী ৭৩১ সাত শত একত্রিশ নম্বর খতিয়ানে বার্ষিক ৵৪ পাই জমায় রায়ত স্থিতিবান স্বত্ব বর্তমান আইন অনুযায়ী রায়তী স্বত্বের উক্ত ৩৭৪ তিন শত চুয়াত্তর দাগের .১৯ শতক মধ্যে অত্র খতিয়ান ভুক্ত .০৬ শতক মধ্যে .০৪ শতক বিক্রীত সম্পত্তি ধার্যীয় সদর জমা .৫৬ পয়সা মালিক পশ্চিম বঙ্গ স্টেট পক্ষে জিলা কালেক্টার ২৪ পরগণা । উভয় জমায় সত্বিক শ্রীমতী সবিতা সেনাপতি পিতা শ্রী ঘনশ্যাম সেনাপতি সাকিন বারুঁহাস কবুতাবাদ পোঃ গড়িয়া জিলা ২৪ পরগণা ।

উভয় তফসিলভুক্ত অধিন একই দাগ ভুক্ত জমি এক গাঠনে বিক্রিত বিধায় এক চৌহদ্দি দেওয়া হইল। উক্ত বিক্রিত জমি স্থানীয় বর্তমান মাপ মতে কমবেশ ৭।০ সওয়া সাত কাঠা হইবে ।

Chitralekha Chakraborty
Rathindranath Chakraborty

Registrar U/S 7 (2)
Alipore, 24 Parganas
9.11.75

উত্তরে - ৩৭৩ দাগের মধ্যস্থ শ্রী সুভাষ বন্দ্যোপাধ্যায় দিং বাস্তু
বাটী। উত্তর বাহু ৮৭' সাতাশি ফিট দীর্ঘ।
পূর্ব্বে - সরকারী সর্ব্ব সাধারণের ব্যবহার্য্য পাকা রাস্তা।
পূর্ব্ব বাহু ৮৪' চুরাশী ফিট দীর্ঘ।
দক্ষিণে - ঐ ৩৭৪ দাগে সবিতা সেনাপতির খরিদা জমি,
দক্ষিণ বাহু - ৬৮' আটষট্টি ফিট দীর্ঘ।
পশ্চিমে - ৩৭৫ দাগের জমি। পশ্চিম বাহু - ৬৬' ছেষট্টি ফিট দীর্ঘ।

তপশীল টাকার [illegible]

স্টেট ব্যাঙ্ক অফ ইণ্ডিয়া কলিকাতা, গড়িয়া শাখার
উপর সি ৪৪৯ নং হিসাবে ৯।১১।৭৭ তারিখের
এস.বি / বি.এল ৮৪৯৬৮১ নং চেকে ২৫০০০ টাকা

মং পঁচিশ হাজার টাকা পাইলাম।

chitralekha chakrabarty

সাক্ষী :-

1) Amulya Ch Kanjabila
Advocate, Alipore

2) Subhas Banerjee
Garia Garden
Garia, 24 Parganas

3) Sankar Kr Mitra
of Alipore
Cal - 27

টাইপকারক
[signature]
আলিপুর পুলিশ কোর্ট
কলিকাতা - ২৭।

chitralekha chakrabarty
Rathindranath Chakravarty

Regd

Book 1
Volume No. 146
Pages 169 to 177
Being No. 6027
for the Year 79 (Seal)

Registrar U/S 7 (2)
Alipore, 24 Parganas
9.11.75


For Registrar U/S 7 (2)
Alipore, 24 Parganas.
8.12.79

Registrar U/S 7 (2)
Alipore, 24 Parganas

# A LAND PLAN PORTION OF C.S. DAG NO. 374 UNDER KHATIAN NOS. $\frac{127}{160}$ & $\frac{582}{731}$ IN MOUZA :- BARHANS FARTABAD, J.L. NO. 47, SHEET NO. 1, P.S. SONARPUR, DT. 24 PARGANAS, SCALE 30'=1 INCH

AREA :- 7K-4CH-0SFT.
(MORE OR LESS)

AREA SHOWN IN RED BORDER




DRAWN BY :-
K.K. Bhattacharjee
SURVEYOR



9.11.05

One Plan pasted in
1
Volume No. 166
175
6027
79 (Sale)

For
Alipore, 24 Parganas
8.12.79.